

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০২.২৪.৬৩২

তারিখ: ২৭ চৈত্র ১৪৩২
০২ এপ্রিল ২০২৬

বিষয় : ২০২৫-২৬ অর্থবছরের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা কার্যক্রমসমূহের আওতায় বর্ধিত উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।

সূত্র : ১। স্মারক নম্বর - : ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৪৫.২১.২২১ তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি।

২। স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৪৫.২১.২২৪ তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি।

৩। স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৪৯.০২.০৫০.২২.২২৩ তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রমের কল্যাণ অনুদান (বিশেষ ভাতা) বর্ধিত উপকারভোগীর ইউনিয়ন/ওয়ার্ড অনুযায়ী বিভাজন মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। বিভাজন মাঠ পর্যায়ে প্রেরণের পর ইতোমধ্যে ১ মাস অতিক্রম হয়েছে। চলতি অর্থবছরের ৪র্থ কিস্তির পেরোল অপশন আগামী মে মাসের মাঝামাঝি চালু করা হবে বিধায় বর্ধিত উপকারভোগীর নির্বাচন চূড়ান্ত করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সকল ইউনিট অফিসসমূহকে প্রদত্ত বিভাজন অনুযায়ী বর্ধিত উল্লিখিত ভাতার উপকারভোগী নির্বাচন এবং বর্ধিত উপকারভোগীর পেরোল যথাসময়ে প্রেরণের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)


(মোঃ মোশাররফ হোসেন)

পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২-৪৪২৬৮০১

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,..... (সকল)।
৩. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,..... (সকল)।
৪. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়,..... (সকল)।
৫. সহকারি প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা। (তাকে সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. অফিস কপি।